# স্বর্ণ ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিবিধ প্রশ্ন-উত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন-উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ষোড়শ প্রশ্ন: যে স্বর্ণের মধ্যে কোন প্রতীক থাকে অথবা প্রজাপতি বা সাপের মাথা অথবা এ ধরনের কোন ছবি থাকে, সেই স্বর্ণ ক্রয়-বিক্রয়ের বিধান কী?

উত্তর: প্রাণীর ছবিসহ তৈরি স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার বিক্রয়, ক্রয় ও পরিধান করা হারাম এবং তা গ্রহণ করাও হারাম; আর এটা এ জন্য যে, মুসলিম ব্যক্তির উপর ওয়াজিব হল ছবি নিশ্চিহ্ন ও অপসারণ করা; যেমনটি সহীহ মুসলিমে বর্ণিত হাদিসের মধ্যে আছে, আবূল হাইয়্যাজ আল-আসাদী রা. থেকে বর্ণিত, তিনি বলেন:

« قَالَ لِى عَلِىُّ بْنُ أَبِى طَالِبٍ : أَلاَّ أَبْعَثُكَ عَلَى مَا بَعَثَنِى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ لاَ تَدَعَ تِمْثَالاً إِلاَّ طَمَسْتَهُ , وَلاَ قَبْرًا مُشْرِفًا إِلاَّ سَوَّيْتَهُ » . ( رواه مسلم ) .

“আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু ‘আনহু আমাকে বলেন, আমি কি তোমাকে এমন এক কাজে প্রেরণ করব না, যে কাজে আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম প্রেরণ করেছিলেন— তুমি কোনো মূর্তি বা ভাস্কর্য মূলোৎপাটন না করে ছাড়বে না; আর উঁচু কবর মাত্রই ভেঙ্গে মাটির সমান করে দিবে।”[1] আর আবদুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত অপর এক হাদিসে রয়েছে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন:

« إِنَّ الْمَلاَئِكَةَ لاَ تَدْخُلُ بَيْتًا فِيهِ صُورَةٌ » . ( متفق عليه ) .

“যে ঘরে (প্রাণীর) ছবি থাকে, সে ঘরে ফিরিশ্তা প্রবেশ করে না।”[2] আর এসব দলীল-প্রমাণের উপর ভিত্তি করে বলা যায় যে, মুসলিম ব্যক্তিবর্গের উপর আবশ্যক হল এ ধরনের অলঙ্কার ব্যবহার ও ক্রয়-বিক্রয় পরিহার করে চলা।

## ফুটনোট

[1] মুসলিম, হাদিস নং- ২২৮৭

[2] বুখারী, হাদিস নং- ৫৬১৩; মুসলিম, হাদিস নং- ৫৬৩৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=3677

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন